17 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# ঢাকা কলেজে ছাত্রলীগের সংঘর্ষে আহত ১০

■ সমকাল প্রতিবেদক

**আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ**

ঢাকা কলেজে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় ছাত্রলীগের দু'পক্ষের সংঘর্ষে অন্তত ১০ নেতাকর্মী আহত হয়েছেন। গুরুতর আহত দুই শিক্ষার্থীকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ঢাকা কলেজ ছাত্রলীগের সাবেক এক নেতা সমকালকে জানান, কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি এসআর পলাশের মৃত্যুবার্ষিকী উপলক্ষে গতকাল বিকেলে মিলাদের আয়োজন করা হয়। মিলাদ শেষে 'চাঁদাবাজি'র টাকার ভাগ নিয়ে ছাত্রলীগ নেতা সোহেল রানা ও হিরনের অনুসারীদের মধ্যে সংঘর্ষ হয়। ধারালো অস্ত্র ও লাঠিসোটা নিয়ে তারা একে অপরের ওপর হামলা চালায়। চলে ধাওয়া-পাল্টা ধাওয়া। এ সময় কয়েকটি ককটেলের বিস্ফোরণে আওয়াজও পাওয়া যায়। কলেজ ক্যাম্পাসে ভীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়। গুরুতর আহত ছাত্রলীগ কর্মী রহমত উল্লাহ ও রুবেলকে ঢামেক হাসপাতালে নেওয়া হয়। তাদের হাত ও মাথায় জখম হয়েছে।

তবে ছাত্রলীগের আরেক নেতার দাবি, মিলাদের পর ছবি তোলা নিয়ে দু'পক্ষের মধ্যে বাকবিতণ্ডার সূত্রপাত। পরে তা সংঘর্ষে রূপ নেয়।

ছাত্রলীগ নেতা সোহেল দাবি করেন, চাঁদাবাজি ও টাকার ভাগ নিয়ে বিরোধের অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। কিছু নেতাকর্মী অনেক দিন ধরেই 'গোলমাল' বাধানোর পরিকল্পনা করছিলেন।

পুলিশের নিউমার্কেট জোনের সিনিয়র সহকারী কমিশনার নাজমুন নাহার সাংবাদিকদের বলেন, শিক্ষার্থীদের দু'পক্ষের মধ্যে মারামারির খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায় এবং দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়। সেখানে প্রচুর পুলিশ মোতায়েন রয়েছে।

এদিকে, ঢাকা কলেজে ছাত্রলীগের সাংগঠনিক কার্যক্রম বন্ধ থাকায় সেখানে শৃঙ্খলা ভঙ্গের দায় নেবে না বলে জানিয়েছে সংগঠনটির কেন্দ্রীয় কমিটি। গতকাল সংগঠনের দপ্তর সম্পাদক দেলোয়ার হোসেন শাহজাদা স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।